

# পুনমর্চাঁদ শেঠি স্মরণে

## আজকালের প্রতিবেদন

এসপিএমএল ইনফ্রা লিমিটেড তার প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রয়াত পুনমর্চাঁদ শেঠি স্মরণে এদিন কলকাতায় সেই সব সংস্থার হাতে যারা শিশু ও নারীদের উন্নত জীবনমানের জন্য কাজ করে খাদ্য ও অন্যান্য অত্যন্ত প্রয়োজনীয় জিনিসের প্যাকেট তুলে দিল। ভারতের বিভিন্ন অঞ্চলে সংস্থার প্রকল্পের কাজ যেখানে যেখানে চলছে সেখানে স্থানীয় বাসিন্দাদের স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজনও করা হয়েছে। দিল্লিতে সম্প্রতি অনুরূপ একটি শিবিরে দুশোর বেশি সহায় সম্বলহীন মানুষের স্বাস্থ্য ও চোখ পরীক্ষা করা হয়। বহু ক্ষেত্রে অঙ্গহীন মানুষকে কৃত্রিম অঙ্গ এই সংস্থা দিয়েছে। বেটি বাঁচাও আন্দোলনের পুরোভাগে সর্বদাই এই

সংস্থা। এসপিএমএল ইনফ্রার বর্তমান চেয়ারম্যান সুভাষ শেঠি এদিন বলেন, জাতীয় আন্দোলনের মাধ্যমে আমরা সমাজের কাছ থেকে যা পাই তার খানিকটা ফেরত দেওয়ার চেষ্টা করি। পরিকাঠামো বা ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের জন্য ১৯৮১ সালে গঠিত এই পাবলিক লিমিটেড কোম্পানি ৬০০-র বেশি প্রকল্প ভারতের বিভিন্ন অঞ্চলে সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে, ইঞ্জিনিয়ারিং, প্রোকিওরমেন্ট ও নির্মাণের ভিত্তিতে কখনও আবার বিল্ড-ওন-অপারেট-ট্রান্সফারের ভিত্তিতে সম্পন্ন করেছে। পরিস্রুত জল সরবরাহ, ময়লা জল শোধন ও আবার কাজে লাগানো, শক্ত আবর্জনা অপসারণ, বৈদ্যুতিক শক্তি প্রেরণ ও বিভাজন এবং অসামরিক পরিকাঠামো নির্মাণে এসপিএমএল ইনফ্রা লিমিটেড কাজ করে চলেছে।